পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র
Since 1986
বাড়ী নং- ৫৪৮, রোড নং- ১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা- ১২০৭।
ফোনঃ ৫৮১৫১১২৬, ৫৫০১০৪০৫, ০১৭৭৭৭৯১১২২, E-mail: pmuk@padakhep.org, info@padakhep.org, web:www.padakhep.org

স্মারক নং/পদ/পক/এইচ আর এন্ড এডমিন/২০২১/ ৮০৫ তারিখঃ ১৬/০৩/২০২১ ইং

অফিস আদেশ

বিষয়ঃ মোটর সাইকেল চালানোর ক্ষেত্রে সতর্কতা অবলম্বন এবং কতিপয় নির্দেশনা অনুসরণ প্রসঙ্গে।

দাপ্তরিক প্রয়োজনে কিংবা ব্যক্তিগত কাজে অনেকেই মোটর সাইকেল ব্যবহার করছে। বর্তমানে লক্ষ্য করা যাচ্ছে যে, মোটর সাইকেল চালানোর ক্ষেত্রে সতর্কতা অবলম্বন না করায় প্রায়শই দুর্ঘটনা ঘটছে এবং কোন কোন ক্ষেত্রে মারাত্মকভাবে আহত হয়ে চালক বা আরোহণকারী বাকী জীবনের জন্য পঙ্গু হয়ে যাচ্ছে বা কোন কোন ক্ষেত্রে মৃত্যুর মুখে পতিত হচ্ছে।

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট সংস্থার সকল টীম মেম্বারের জীবন অত্যন্ত মূল্যবান হিসেবে বিবেচিত এবং তাদের নিরাপদে চলাচল নিশ্চিত করতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বদ্ধপরিকর। এমতাবস্থায়, মোটর সাইকেল দুর্ঘটনা হ্রাস কল্পে অধিকতর সতর্কতা অবলম্বন করা এবং নিম্নে বর্নিত নির্দেশনা সমূহ অনুসরণ করতে সংশ্লিষ্ট সকলকে বলা হলো।

ক) মোটর সাইকেল চালানো কালীন সতর্কতা অবলম্বন সংক্রান্ত ঃ-

১. প্রত্যেক মোটর সাইকেল চালকের ড্রাইভিং লাইসেন্স, গাড়ীর বৈধ কাগজপত্র ও ইন্সুরেন্স থাকা আবশ্যক।

২. মোটর সাইকেল চালানোর সময় আবশ্যিকভাবে চালক ও আরোহীকে হেলমেট পড়তে হবে। কারন দুর্ঘটনা ঘটলে বিশেষ করে পড়ে গেলে অধিকাংশ ক্ষেত্রে মাথায় আঘাত লাগে আর মাথায় সাধারণ আঘাতও অনেক সময় মৃত্যুর কারণ হয়ে দাড়ায়।

৩. মোটর সাইকেল নিয়ে বের হওয়ার সময় দুই চাকাতে কোন সমস্যা আছে কিনা, ব্রেক ঠিকমত কাজ করছে কিনা তা চেক করে দেখতে হবে।

৪. বেশি স্পীডে বা উর্ধ্বগতিতে মোটর সাইকেল চালানো যাবেনা কারণ মোটর সাইকেল এর গতি কম থাকলে এবং হঠাৎ যে কোন ধরনের সমস্যার সম্মুখিন হলে খুব সহজেই পরিস্থিতি নিয়ন্ত্রণ করা যায়। সেক্ষেত্রে মোটর সাইকেলের স্পীড সর্বদা সর্বোচ্চ ৪০-৫০ কি.মি/ঘন্টা এর মধ্যে রাখতে হবে।

৫. প্রতিযোগীতা করে মোটর সাইকেল চালানো যাবেনা এতে দুর্ঘটনার ঝুঁকি অনেক বেশী।

৬. যে কোন ধরনের গাড়ীর কাছাকাছি থেকে বা পিছনে পিছনে মোটর সাইকেল চালানো যাবেনা। এতে করে সামনের গাড়ী কোন সিগনাল না দিয়েই ইউটার্ন করলে অথবা হঠাৎ হার্ডব্রেক করলে দুর্ঘটনা ঘটার সম্ভাবনা থাকে।

৭. ওভারটেক করার সময় বিপরীত দিক থেকে কোন গাড়ী আসছে কিনা তা ভালোভাবে লক্ষ্য রাখতে হবে।

৮. মোটর সাইকেলে চালক সহ দুই জনের বেশী আরোহণ করা যাবেনা।

৯. অন্ধবাঁক অর্থাৎ যেই রাস্তার বাঁক বা মোড়ে বিপরীত দিক থেকে গাড়ী আসছে কিনা তা বোঝা যায় না এমন বাঁকে সবসময় হর্ন বাজাতে হবে এবং মোটর সাইকেলের গতি কমাতে হবে।

১০. বায়ে বা ডানে মোড় নেওয়ার সময় অবশ্যই মোটর সাইকেল এর ইন্ডিকেটর লাইট দিয়ে সঠিকভাবে সিগন্যাল দিয়ে মোটর সাইকেল এর দুই পাশের আয়নায় (লুকিং গ্লাস) পিছনের গাড়ীর অবস্থান নিশ্চিত হয়ে মোড় নিতে হবে।

১১. মোটর সাইকেল চালানোর সময় কোন অবস্থায়ই মোবাইল ফোনে কথা বলা ও হেড ফোন বা ব্লুটুথ ব্যবহার করে কথা বলা কিংবা গান শোনা যাবেনা। কারণ এতে মোটর সাইকেল চালানোর সম্পূর্ণ মনযোগ নষ্ট হয় ফলে দুর্ঘটনা ঘটার সম্ভাবনা থাকে।

১২. মোটর সাইকেল চালানোর সময় কোন অবস্থাতেই পিছনে বসা ব্যক্তির সাথে কথা বলা যাবেনা এতে চালকের মনোযোগ এর বিঘ্ন ঘটে এবং দুর্ঘটনার সম্ভাবনা থাকে।

১৩. মোটর সাইকেল চালানোর সময় কোন অবস্থাতেই দুহাত ছেড়ে দিয়ে কিংবা এক হাত দিয়ে গাড়ী চালানো যাবেনা।

১৪. রাস্তায় মোটর সাইকেল চালানোর সময় বিভিন্ন প্রাণী ও পথচারীদের চলাচলের গতিবিধি পর্যবেক্ষণ করে সতর্কতার সাথে মোটর সাইকেল চালাতে হবে।

১৫. রাতে, বৃষ্টির সময় কিংবা কুয়াশার মধ্যে হেড লাইট জ্বালিয়ে অধিকতর সতর্কতার সহিত মোটর সাইকেল চালাতে হবে এবং শীতকালে ও বৃষ্টিতে মোটর সাইকেল চালানোর সময় সর্বদা হাত মোজা (Hand Gloves) ও রেইন কোট ব্যবহার করতে হবে।

খ) মোটর সাইকেল ব্যবহারে অত্যাবশ্যক নির্দেশনা সমূহ ঃ-

১. নিজ কর্ম এলাকার বাইরে যাতায়াতের ক্ষেত্রে কোন ভাবেই মোটর সাইকেলে (নিজ/ভাড়ায় চালিত) ভ্রমণ করা যাবেনা।

২. সাপ্তাহিক বন্ধ সহ যে কোন অফিস ছুটির দিনে বা অন্য যে কোন সময়ে ষ্টেশন লিভে যাওয়া বা আসার ক্ষেত্রে মোটর সাইকেল (নিজ/ভাড়ায় চালিত) ব্যবহার করে যাতায়াত করা যাবেনা।

৩. সার্বক্ষনিক মোটর সাইকেল এর পূর্ণ নিরাপত্তা নিশ্চিত করা সংশ্লিষ্ট কর্মীর উপরই বর্তাবে।

৪. প্রতিটি কর্মস্থলে প্রতিটি সাপ্তাহিক / মাসিক মিটিং এ সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক কর্তৃক উপরোক্ত "মোটর সাইকেল চালানো কালীন সতর্কতা অবলম্বন" এবং "মোটর সাইকেল ব্যবহারে অত্যাবশ্যক নির্দেশনা" সমূহ পুনঃ পুনঃ পাঠ ও আলোচনা করে সকল সহকর্মীকে অবগতকরণ পূর্বক সচেতনতা বৃদ্ধি নিশ্চিত করবেন।

৫. সকল তত্ত্বাবধায়কগণ বর্ণিত নির্দেশনা সমূহের শতভাগ প্রতিপালন নিশ্চিত করণ পূর্বক প্রতিটি কর্মস্থলের তত্ত্বাবধায়ক কর্তৃক সংযুক্ত চেক লিষ্ট (সংযুক্ত-১) মোতাবেক মাসিক প্রতিবেদন পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে মানব সম্পদ ও প্রশাসন বিভাগের সহকারী ব্যবস্থাপক জনাব মোঃ সাজেদুর রহমানকে মেইলে **(shazedur@padakhep.org)** প্রেরণ করতে হবে।

৬. বর্ণিত নির্দেশনা প্রতিপালনে কোনরুপ শৈথিল্যতা বা ব্যর্থতা পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কর্মী ও তত্ত্বাবধায়ক/ তত্ত্বাবধায়কবৃন্দের বিরুদ্ধে কঠোর শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

"একটি দুর্ঘটনা সারা জীবনের কান্না"

মোটর সাইকেল চালানো ও ব্যবহারের ক্ষেত্রে উপরোক্ত নির্দেশনা সমূহ আবশ্যিকভাবে প্রতিপালন ও অনুসরণের মাধ্যমে সংস্থার সকল পর্যায়ে কর্মরত কর্মকর্তা/কর্মীগণ সম্ভাব্য দুর্ঘটনা হ্রাস বা এড়িয়ে যেতে সক্ষম হবে বলে কর্তৃপক্ষ আশা করে।

(মোঃ সালেহ বিন সামস)
নির্বাহী পরিচালক

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (ই-মেইলের মাধ্যমে প্রেরিত)

১. পরিচালক, মাইক্রোফাইন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম ও এন্টারপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।
২. সকল প্রোগ্রাম/বিভাগ/প্রকল্প/ইউনিট/সেল/ব্যবস্থাপনা ইউনিট প্রধান, প্রধান কার্যালয়।
৩. সকল জোনাল ম্যানেজার/জোনাল কো-অর্ডিনেটর/এরিয়া ম্যানেজার/এরিয়া কো-অর্ডিনেটর/ব্রাঞ্চ ম্যানেজার ও অন্যান্য সকল অফিস প্রধান, পদক্ষেপ।
৪. ব্যবস্থাপক, আই.সি.টি বিভাগ ও তত্ত্বাবধায়ক, এম.আই.এস ইউনিট, প্রধান কার্যালয় (অফিস আদেশটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
৫. সংস্থার সকল পর্যায়ে কর্মরত সকল কর্মকর্তা/কর্মী।
৬. অফিস কপি।